গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন শাখা-৩
www.mohpw.gov.bd

| | | |
|---|---|---|
| বিষয় | : | স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে এ মন্ত্রণালয়ের কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত ভার্চুয়াল সভার কার্যবিবরণী। |
| সভাপতি | : | জনাব মোঃ শহীদ উল্লা খন্দকার, সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | : | ১১ জুলাই ২০২১ খ্রি: বেলা-৩:০০ ঘটিকা |
| স্থান | : | Zoom Apps এর মাধ্যমে ভার্চুয়াল সভা। |

সভার প্রারম্ভে সভাপতি Zoom Apps এর মাধ্যমে সংযোগকৃত প্রধান অতিথি এ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়কে সাদর সম্ভাষন জানান। তিনি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৫ আগস্ট ১৯৭৫ সালে নারকীয় হত্যাকান্ডে যাঁরা শহীদ হয়েছিলেন তাঁদের আত্মার মাগফিরাত কামনা করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকীতে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণসহ যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে দিবসটি পালনে এ মন্ত্রণালয়ের কর্মসূচী বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

২.০০: ১৫ আগস্ট ২০২১ তারিখ রবিবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে পালন উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গৃহীত কর্মসূচীতে এ মন্ত্রণালয় সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়ন এবং জাতীয় শোক দিবসের সাথে সঙ্গতি রেখে বিস্তারিত কর্মসূচী গৃহীত হয়।

| **ক্রম** | **১৫ আগস্ট ২০২১ উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গৃহীত মূল কর্মসূচি** | **সিদ্ধান্ত** | **বাস্তবায়ন** |
|---|---|---|---|
| ১ | ১৫ আগস্ট ২০২১ তারিখ রবিবার সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে। | ১৫ আগস্ট ২০২১ তারিখ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং এর আওতাধীন সকল দপ্তর/সংস্থার ভবনসমূহে রং করা এবং সঠিক মাপ অনুযায়ী সম্পূর্ণ নতুনভাবে তৈরীকৃত জাতীয় পতাকা বিধি অনুযায়ী অর্ধনমিত রাখতে হবে। পতাকা সঠিক ভাবে এবং সঠিক সময়ে উত্তোলনের জন্য মন্ত্রণালয়সহ সকল দপ্তরের একজন করে কর্মকর্তাকে দায়িত্ব পালন করতে হবে। | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং এর অধীন সকল দপ্তর/ সংস্থা |

| ক্রম | ১৫ আগস্ট ২০২১ উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গৃহীত মূল কর্মসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ২ | **সকাল ৬.৩০ ঘটিকায় ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ এবং মোনাজাত।**<br><br>**<u>সহায়ক কার্যক্রম</u>**<br><br>গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সম্মুখস্থ জাতির পিতার প্রতিকৃতি সংস্কার (প্রয়োজন অনুযায়ী), স্পট/ফ্লাড/অন্যান্য লাইট স্থাপন, দেয়াল ও গ্রীল রংকরণ, অনুষ্ঠানস্থল যথাযথভাবে সজ্জিতকরণ, পুষ্পস্তবক সরবরাহ এবং প্রতিকৃতি সংলগ্ন ফোয়ারায় পানি প্রবাহের মটর চালু রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br><br>লেক সংলগ্ন জাতির পিতার প্রতিকৃতির দু'পাশের রিটেনশন ওয়াল-এর ফাটল মেরামত এবং সৌন্দর্য বৃদ্ধির জন্য লেকের চারপাশে ক্যাকটাস জাতীয় গাছ লাগানো। | ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সম্মুখস্থ বঙ্গবন্ধুর প্রতিকৃতি সংস্কার (প্রয়োজন অনুযায়ী), স্পট/ ফ্লাড/ অন্যান্য লাইট স্থাপন, দেয়াল ও গ্রীল রংকরণ, অনুষ্ঠানস্থল যথাযথভাবে সজ্জিতকরণ, পুষ্পস্তবক সরবরাহ এবং প্রতিকৃতি সংলগ্ন ফোয়ারায় পানি প্রবাহের মটর চালু রাখতে হবে। এ বিষয়ে কিউরেটর মহোদয়ের সাথে যোগাযোগ করে নিতে হবে।<br><br>লেক সংলগ্ন জাতির পিতার প্রতিকৃতির দু'পাশের রিটেনশন ওয়াল-এর ফাটল মেরামত এবং সৌন্দর্য বৃদ্ধির জন্য লেকের চারপাশে ক্যাকটাস জাতীয় গাছ লাগানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | গণপূর্ত অধিদপ্তর<br><br>গণপূর্ত অধিদপ্তরের প্রধান প্রকৌশলী সার্বিক বিষয়ে তদারকি করবেন। |
| ৩. | **১৫ আগস্ট ১৯৭৫ তারিখে শাহাদত বরণকারী জাতির পিতার পরিবারের সদস্যবৃন্দ ও অন্যান্য শহীদদের কবরে (ঢাকার বনানীস্থ কবরস্থানে) সকাল ৭.৩০ ঘটিকায় পুষ্পস্তবক ও ফুলের পাপড়ি অর্পন এবং ফাতেহা পাঠ ও মোনাজাত।**<br><br><u>সহায়ক কার্যক্রম:</u><br><br>গণপূর্ত অধিদপ্তর/ আরবরিকালচার প্রয়োজনীয় পুষ্পস্তবক ও ফুলের পাপড়ি সরবরাহ করবে। | ১৫ আগস্ট ২০২১ তারিখ শাহাদত বরণকারী জাতির পিতার পরিবারের সদস্যবৃন্দ ও অন্যান্য শহীদদের কবরে (ঢাকার বনানী কবরস্থানে) পুষ্পস্তবক ও ফুলের পাপড়ি অর্পণ উপলক্ষে পুষ্পস্তবক ও ফুলের পাপড়ি সরবরাহ নিশ্চিত করতে হবে। | গণপূর্ত অধিদপ্তর/ প্রধান বৃক্ষপালনবিদ, আরবরিকালচার |
| ৪. | **১৫ আগস্ট ২০২১ তারিখ রবিবার সকাল ১০.০০ ঘটিকায় গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে ফাতেহা পাঠ, পুষ্পস্তবক অর্পণ, এবং মোনাজাত।**<br><br>**<u>সহায়ক কার্যক্রম:</u>**<br><br>গণপূর্ত বিভাগ অনুষ্ঠানস্থলের সার্বিক পরিষ্কার পরিচ্ছন্নতাসহ প্রয়োজনীয় সংস্কারের ব্যবস্থা করবে। | ১৫ আগস্ট ২০২১ তারিখ রবিবার সকাল ১০.০০ ঘটিকায় গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে ফাতেহা পাঠ, পুষ্পস্তবক অর্পণ এবং মোনাজাত এর ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং টুঙ্গীপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিসৌধ এবং সমাধিসৌধ প্রাঙ্গণে যাবতীয় পরিষ্কার-পরিচ্ছন্নতা ও সাজ-সজ্জা এবং পুষ্পস্তবক তৈরীসহ অন্যান্য সকল প্রস্তুতিমূলক কাজ সম্পন্ন করতে হবে। | গণপূর্ত অধিদপ্তর |

| ক্রম | ১৫ আগস্ট ২০২১ উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গৃহীত মূল কর্মসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৫. | সোহরাওয়ার্দী উদ্যানে স্থাপিত স্বাধীনতা স্তম্ভ ও মুক্তিযুদ্ধ জাদুঘরের আশপাশের এলাকা পরিস্কার-পরিচ্ছন্ন রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | সোহরাওয়ার্দী উদ্যানে স্থাপিত স্বাধীনতা স্তম্ভ ও মুক্তিযুদ্ধ জাদুঘরের আশপাশের এলাকা পরিস্কার পরিচ্ছন্ন রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | গণপূর্ত অধিদপ্তর |
| ৬. | **জেলা ও উপজেলা পর্যায়ে যথাযথ মর্যাদার সঙ্গে জাতীয় শোক দিবস পালনের জন্য সামাজিক দুরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন এবং জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতি রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে। জাতীয় শোক দিবসের অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে ভার্চুয়াল প্লাটফরম ব্যবহারকে অগ্রাধিকার দিতে হবে। জেলা ও উপজেলায় আয়োজিত অনুষ্ঠানসমূহে সরকারি কর্মকর্তাগণের উপস্থিতি আবশ্যিকভাবে নিশ্চিত করতে হবে।** | স্বাস্থ্য বিধি মেনে জেলা ও উপজেলা পর্যায়ে যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালনের জন্য আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন, জাতীয় কর্মসূচির সঙ্গে সঙ্গতি রেখে স্ব-স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন এবং জেলা ও উপজেলা প্রশাসনের সাথে সমন্বয় করে স্থানীয় প্রশাসন কর্তৃক আয়োজিত অনুষ্ঠানসমূহ প্রতিপালনের জন্য এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/ সংস্থার কর্মকর্তাগণের উপস্থিতি নিশ্চিত করতে হবে। | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং অধীন সকল দপ্তর/ সংস্থা |
| ৭. | **জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতি রেখে মন্ত্রণালয়/ বিভাগসমূহ স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও সামাজিক দুরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে বাস্তবায়ন করবে। জাতীয় শোক দিবসের অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে ভার্চুয়াল প্লাট ফরম ব্যবহারকে অগ্রাধিকার দিতে হবে। সকল মন্ত্রণালয়/ বিভাগ জুলাই ২০২১ এ একটি প্রস্তুতিমূলক সভা এবং আগস্ট ২০২১ এ প্রথম সপ্তাহে ফলোআপ সভা করবে।** | জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতি রেখে মন্ত্রণালয়/ বিভাগসমূহ স্বস্ব কর্মসূচি প্রণয়ন ও সামাজিক দুরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে বাস্তবায়ন করবে। জাতীয় শোক দিবস উপলক্ষে ১৫ আগস্ট ২০২১ তারিখ বঙ্গবন্ধুর জীবন, কর্ম ও আদর্শ নিয়ে সকল সংস্থা আলোচনা সভা আয়োজন করবে। উক্ত তারিখে অনুষ্ঠান আয়োজন সম্ভব না হলে আগস্ট মাসের মধ্যে সুবিধামত সময়ে অনুষ্ঠানের আয়োজন করতে হবে। | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং তার অধীন সকল দপ্তর/সংস্থা |
| ৮. | **জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতিপূর্ণ কর্মসূচি সকল মন্ত্রণালয়/বিভাগ ভার্চুয়াল প্লাট ফরম ব্যবহার করে আয়োজন করবে।** | জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতিপূর্ণ কর্মসূচি সকল মন্ত্রণালয়/বিভাগ ভার্চুয়াল প্লাট ফরম ব্যবহার করে আয়োজন করবে। | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং তার অধীন সকল দপ্তর/সংস্থা |

| ক্রম | ১৫ আগস্ট ২০২১ উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গৃহীত মূল কর্মসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৯. | **মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় বলেন দেশ ব্যাপী ছড়িয়ে পড়া করোনার কারণে শ্রমজীবি মানুষ অবর্ণনীয় কষ্ট ভোগ করছে। এ কারণে জাতীয় শোক দিবস উপলক্ষ্যে "প্রধানমন্ত্রীর ত্রাণ উপহার" বিতরণ কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। এতে শ্রমজীবী মানুষের অন্নের সংস্থা হবে এবং জাতির পিতার আত্মা প্রশান্তি পাবে। সভায় সকলে তাঁর সাথে একমত পোষণ করেন।** | জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতি রেখে মন্ত্রণালয়/ বিভাগসমূহ স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও সামাজিক দুরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে জেলা পর্যায়ে নির্বাহী প্রকৌশলী "প্রধানমন্ত্রীর ত্রাণ উপহার" বিতরণের উদ্যোগ নিবে। অন্যান্য কর্তৃপক্ষসমূহ এবং দপ্তর/সংস্থা পৃথকভাবে ত্রাণ উপহার বিতরণের উদ্যোগ নিবে। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় Zoom এর মাধ্যমে উক্ত ত্রাণ বিতরণ কার্যক্রম উদ্বোধন করবেন। | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং গণপূর্ত অধিদপ্তর এবং সকল দপ্তক/ সংস্থা |
| ১০. | জাতীয় শোক দিবস উপলক্ষ্যে জন্মশত বার্ষিকীর লোগো সংবলিত শোক ব্যাচ প্রস্তুত করে মন্ত্রণালয়/ বিভাগসহ সকল দপ্তর/সংস্থায় সবাইকে সরবরাহের বিষয়ে সভায় আলোচনা হয়। | (ক) গণপূর্ত অধিদপ্তর কেন্দ্রীয়ভাবে শতবর্ষের লোগোসহ কালো ব্যাচ প্রস্তুত করে মন্ত্রণালয়সহ এর অধীন সকল দপ্তর/সংস্থায় বিতরণ করবে। এ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য নিম্নরূপভাবে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়:<br>১। জনাব মো: হেমায়েত হোসেন, অতি:সচিব - আহ্বায়ক<br>২। রাজউক এর প্রতিনিধি - সদস্য<br>৩। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ এর প্রতিনিধি - সদস্য<br>৪। সরকারি আবাসন পরিদপ্তর এর প্রতিনিধি - সদস্য<br>৫। নগর উন্নয়ন অধিদপ্তর এর প্রতিনিধি - সদস্য<br>৬। এইচ বি আর আই এর প্রতিনিধি - সদস্য<br>৭। অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর এর প্রতিনিধি - সদস্য<br>৮। জনাব মোঃ শহীদুল আলম, তত্ত্বাবধায়ক প্রকৌ: - সদস্য সচিব<br>(খ) প্রত্যেক দপ্তর/সংস্থা স্ব স্ব প্রতিষ্ঠানের ভবনে বঙ্গবন্ধু ছবি সম্বলিত ব্যানার/ ফেস্টুন স্থাপন করবেন। | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়/ গণপূর্ত অধিদপ্তর |
| ১১. | <u>**বিবিধ**</u> :<br>(১) বর্ষাকাল বিবেচনায় রেখে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের চাহিদানুযায়ী প্যান্ডেল প্রস্তুতকরণ এবং প্যান্ডেল স্থলে মেডিকেল টিম মিডিয়া ও অন্যান্যদের ব্যবহারের জন্য নূন্যতম ০৬ (ছয়) টি মিনি স্টল নির্মাণকরণ।<br>(২) ধানমন্ডির ৩২ এ অনুষ্ঠেয় কর্মসূচী সংক্রান্ত আন্ত:মন্ত্রণালয় মনিটরিং ও সমন্বয় কমিটির সিদ্ধান্ত যথাযথভাবে অনুসরণ নিশ্চিত করতে হবে।<br>(৩) বনানী কবরস্থানে অনুষ্ঠেয় কর্মসূচী সংক্রান্ত আন্ত:মন্ত্রণালয় ও মনিটরিং সমন্বয় কমিটির সিদ্ধান্ত যথাযথভাবে অনুসরণ নিশ্চিত করতে হবে। | ক) কর্মসূচি অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br><br>খ) ১৫ আগস্ট ২০২১ উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বিভিন্ন সময়ে প্রদত্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালনের ব্যবস্থা গ্রহণ করবেন। | গণপূর্ত অধিদপ্তর |

| ক্রম | ১৫ আগস্ট ২০২১ উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গৃহীত মূল কর্মসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | (৪) জাতীয় শোক দিবস উপলক্ষ্যে স্ব-স্ব দপ্তর/সংস্থা শোক দিবসের ব্যানার, ফেস্টুন, ড্রপ ওয়াল এবং সংযোগ সেতুতে ০১ টি করে বঙ্গবন্ধুর ছবি সম্বলিত ব্যানার দিতে হবে। ।<br>(৫) মন্ত্রিপরিষদ বিভাগ থেকে বিভিন্ন সময়ে প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন। | | |

আর কোনো আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১৮/০৭/২০২১
(মোঃ শহীদ উল্লা খন্দকার)
সচিব

নম্বরঃ ২৫.০০.০০০০.০১৫.৯৯.০৪৩.৯৬(অংশ-২).৪৫৩

তারিখঃ ০৩ শ্রাবণ ১৪২৮ / ১৮ জুলাই ২০২১

**বিতরণ (জ্ঞাতার্থে/কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন)/ (প্রশাসন-২)/ (উন্নয়ন-১)/ (উন্নয়ন-২)/ (অডিট)/ (মনিটরিং)/ (আইন উপদেষ্টা), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।
২. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৩. চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ/জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ/চট্রগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ/ খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ/ রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ/ কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ।
৪. বিভাগীয় কমিশনার, ঢাকা ও সভাপতি, পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৫. প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৬. যুগ্মসচিব (বাজেট)/(প্রশাসন ব্রাঞ্চ)/(প্রশাসন ব্রাঞ্চ-২)/ (উন্নয়ন-২) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মহাপরিচালক, এইচ বি আর আই, ১২০/৩ দারুস সালাম, মিরপুর রোড, ঢাকা।
৮. পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গোপালগঞ্জ গণপূর্ত জোন, গোপালগঞ্জ।
১০. প্রধান বৃক্ষপালনবিদ, আরবরিকালচার, সেগুনবাগিচা, ঢাকা।
১১. পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গোপালগঞ্জ গণপূর্ত সার্কেল, গোপালগঞ্জ।
১৩. উপসচিব, প্রশাসন শাখা/অধিশাখা-১/২/৩/৪/৫/৬/১৭, উন্নয়ন শাখা/ অধিশাখা-৭/৮/৯/১৪/১৫ মনিটরিং শাখা-১০/১১, উপসচিব (পরিকল্পনা), আইন কর্মকর্তা-২, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।
১৪. নির্বাহী প্রকৌশলী, গোপালগঞ্জ গণপূর্ত বিভাগ, গোপালগঞ্জ।
১৫. রেজিষ্ট্রার, প্রথম/ দ্বিতীয় কোর্ট অব সেটেলমেন্ট, সেগুনবাগিচা, ঢাকা।
১৬. পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, প্রশাসন শাখা-১৩, অডিট শাখা-১২, বাজেট শাখা-১৬, পরিকল্পনা শাখা-১/৩, আইন শাখা-১, হিসাব শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
১৮. সিনিয়র সহকারী প্রধান-২, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি (জ্ঞাতার্থে) :

১. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. সচিবের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (কার্যবিবরণীটি এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. অতিরিক্ত সচিব (প্রশাসন-২) এর ব্যক্তিগত কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের অবগতির জন্য)।
৫. অফিস কপি।

১৮.০৭.২০২১

অভিজিৎ রায়
উপসচিব
দূরালাপনী-৯৫১২২৩১